



ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২, ইমেল : chairman.ict@mbstu.ac.bd

সূত্রঃ মাভাবিপ্রবি/আইসিটি/এম.এস.সি.ভর্তি.বি./১৬//আইসিটি-

তারিখ : ১৬ আগস্ট-২০২৩ইং

২০২১-২০২২ইং শিক্ষাবর্ষে এমএসসি.(ইঞ্জিঃ)/এম.ইঞ্জিঃ প্রোগ্রাম-এ ভর্তির সময় বর্ধিত করন বিজ্ঞপ্তি

২০২১-২০২২ইং শিক্ষাবর্ষের জন্য মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগে এমএসসি.(ইঞ্জিঃ)/এম.ইঞ্জিঃ প্রোগ্রামের জন্য আগ্রহী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আবেদন পত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগন বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) বিভাগের অফিস হতে অফিস চলাকালীন সময়ের মধ্যে ১০০০/= (এক হাজার) টাকা জমা দিয়ে রশিদ সংগ্রহ পূর্বক আবেদন পত্র সংগ্রহ করতে হবে।

এমএসসি.(ইঞ্জিঃ)/এম.ইঞ্জিঃ প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্যতা নিম্নরূপঃ

ক) এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় সকল ক্ষেত্রে সিজিপিএ কমপক্ষে ৩.৫০ থাকতে হবে।

খ) অত্র বিশ্ববিদ্যালয়ের আইসিটি ও সিএসই বিভাগের ছাত্র-ছাত্রীদের এমএসসি.(ইঞ্জিঃ)/এম.ইঞ্জিঃ প্রোগ্রামে আবেদন করার জন্য বি.এসসি (ইঞ্জিঃ) এ নূন্যতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

গ) UGC কর্তৃক স্বীকৃত ও সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক পর্যায়ে ICT, CSE, EEE, Telecommunication Engineering, ETE, ECE অথবা সমতুল্য বিভাগের শিক্ষার্থীদের নূন্যতম সিজিপিএ কমপক্ষে ৩.২৫ থাকতে হবে।

ঘ) মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের যে সকল শিক্ষার্থী বিভিন্ন বর্ষের কোর্সসমূহ সফলভাবে সমাপ্ত করে ইতিমধ্যে স্নাতক পর্যায়ের ৪র্থ বর্ষ ২য় সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন করেছেন, তাদের এমএসসি.(ইঞ্জিঃ)/এম.ইঞ্জিঃ প্রথম সেমিস্টার ফাইনাল পরীক্ষার আগে ফলাফলের সনদ বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

ঙ) শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহনযোগ্য নয়।

চ) প্রয়োজনীয় আনুসঙ্গিক কাগজপত্র যাচাই বাছাই এবং সাক্ষাৎকারে প্রাপ্ত মোট নম্বরের উপর ভিত্তি করে প্রার্থীদের মেথাক্রম অনুযায়ী ভর্তি করা হবে।

ছ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার মার্কশীট এবং সার্টিফিকেটের ফটোকপি।

খ) নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।

ঘ) আভ্যন্তরিন প্রার্থীদের সাময়িক ভর্তির জন্য বিএসসি (ইঞ্জিঃ) পরীক্ষার গ্রেড শিট, রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও এ্যাপিয়ার্ড সনদের ফটোকপি।

ঙ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্র।

ভর্তি সংক্রান্ত তারিখ সমূহ :

আবেদন পত্র বিতরণ ও জমা (সকাল ০৯.০০ থেকে বিকাল ০৪.০০)	ঃ	০৮-০৭-২০২৩ইং তারিখ থেকে ০৫-০৯-২০২৩ইং তারিখ পর্যন্ত
এ্যাডমিশন টেষ্ট/সাক্ষাৎকার	ঃ	১০-০৯-২০২৩ইং তারিখ, সকাল ০৯ঃ০০ থেকে দুপুর ১২ঃ০০ পর্যন্ত
ভর্তির জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	ঃ	১৬-০৯-২০২৩ইং তারিখ
ভর্তির তারিখ	ঃ	১৭-০৯-২০২৩ইং থেকে ২৭-০৯-২০২৩ইং তারিখ পর্যন্ত প্রতি সপ্তাহের রবিবার থেকে বুধবার (বেলা : ১১.০০-৪.০০টা পর্যন্ত)
ক্রাশ শুরু	ঃ	০২-১০-২০২৩ইং

বিঃ দ্রঃ ক) ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও তারিখ বিভাগীয় অফিস এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।

খ) সার্বিক পরিস্থিতি বিবেচনা করে কর্তৃপক্ষ তারিখ ও সময় পরিবর্তন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

Chairman
Dept. of ICT
MBSTU, Santosh Tangail- 1902